



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

ফোন : ০০৮৮-০৪১-৭২০০০৩

ফ্যাক্স : ০০৮৮-০৪১-৭২০৪০৪

ইমেইল : contact@khulnashipyard.com

ওয়েব : www.khulnashipyard.com




খুশিলি/সেক-৩৪/১২০

ব্যবস্থাপনা পরিচালকের প্রশংসা পত্র- জনাব অসীম শীল, উপ-সহকারী প্রকৌশলী (পি নং- ১০৩৫)

১। আমি আপনার কর্মতৎপরতা, কর্মনিষ্ঠা ও কর্মদক্ষতার জন্য অত্যন্ত আনন্দচিত্তে আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আপনি কার্পেন্ট্রি শপের একজন উপ-সহকারী প্রকৌশলী হিসেবে সম্প্রতি খুলনা শিপইয়ার্ড লিমিটেডে নির্মাণাধীন ০৩ (তিন) টি এলসিটি (LCT) জাহাজের নির্মাণ কার্যক্রমে কার্পেন্ট্রি শপের আওতাধীন প্যানেলিং, সিলিং, ল্যাবরেটরি ডোর এবং বিভিন্ন ধরনের ফার্নিচার সংক্রান্ত ডিজাইন প্রণয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। উল্লেখিত জাহাজসমূহের জেনারেল এয়ারেঞ্জমেন্ট ড্রয়িং যথাযথভাবে পর্যালোচনা, যাচাই-বাছাই ও বিশ্লেষণপূর্বক প্রয়োজনীয় Technical Specification প্রস্তুত করেছেন, যার প্রেক্ষিতে জাহাজ নির্মাণকাজে নির্ধারিত মান, কারিগরি চাহিদা এবং কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করা সম্ভব হয়েছে। এ সকল কার্যক্রমের মাধ্যমে জাহাজের অভ্যন্তরীণ কাঠামোর সুষ্ঠু বিন্যাস, নিরাপত্তা, ব্যবহারিক সুবিধা ও নান্দনিক মান বজায় রাখার পাশাপাশি আপনি সর্বদা নির্ধারিত দায়িত্বের অতিরিক্ত কর্মদক্ষতা প্রদর্শনে সক্ষম হয়েছেন, যা খুশিলির উৎপাদন বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করছে। আপনার এই কর্মস্পৃহা ও অনুপ্রেরণা খুশিলির অন্যান্য কর্মকর্তাদের জন্য অনুকরণীয় হয়ে থাকবে বলে আমি আশাবাদী। তাই আমি খুশিলির সকল সদস্যদের পক্ষ হতে আপনাকে আপনার কৃতিত্বের জন্য সাধুবাদ জানাচ্ছি এবং আশা করছি আপনার এই কর্মধারা ভবিষ্যতেও অব্যাহত রাখবেন।

২। এই প্রশংসা পত্রের একটি কপি ভবিষ্যতের রেফারেন্সের জন্য আপনার ব্যক্তিগত ফাইলে সংরক্ষিত থাকবে।


মোহাম্মদ মাকসুদ আলম
রিসার এডমিরাল
ব্যবস্থাপনা পরিচালক

০২ সেপ্টেম্বর ২০২৬

প্রতিঃ

জনাব অসীম শীল, উপ-সহকারী প্রকৌশলী (পি নং-১০৩৫), কার্পেন্ট্রি শপ।

অবগতিঃ

জিএম (এডমিন)

জিএম (প্রোডাকশন)

ওআইসি (এডমিন)

ওআইসি, কার্পেন্ট্রি শপ

- সদয় অবগতির জন্য প্রশংসা পত্রের কপি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য।